## প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু
ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর ।

স্থান : উপজেলা শিক্ষা অফিস, মনিরামপুর, যশোর মহোদয়ের সভাকক্ষ।
তারিখ ও সময় : ২৮ মার্চ ২০২২, সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা
আলোচ্য বিষয়ঃ-

১। প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নে এস এম সি প্রশিক্ষণ সংক্রান্ত;
২। কোভিড-১৯ সংক্রান্ত;
৩। উপজেলা শিক্ষা ভবনের দক্ষিণ পার্শ্বে বাথরুম করন সংক্রান্ত;
৪। বিবিধ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী তিনি উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অত:পর উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নে এস এম সি প্রশিক্ষণ সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার ২৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন এস এম সি গঠন হয়েছে। এসএমসির নতুন সভাপতিগণ বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরনে তাদের করনীয় সম্পর্কে অবগত নয় বিধায় তাদের প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। বিগত অর্থবছরে উপজেলা পরিষদ কর্তৃক ১৪০জন এসএমসি'র সভাপতির প্রশিক্ষণ প্রদান করা করেছে। বাকী ১২৭জন এসএমসি'র সভাপতির প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১২৭ জন এসএমসির সভাপতিদের প্রশিক্ষন পরিচালনার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রশিক্ষনে কোর্স সমন্বয়কারী হিসাবে উপজেলা শিক্ষা অফিসারকে দায়িত্ব পালন করার অনুরোধ করা হয়। |
| ০২ | কোভিড-১৯ সংক্রান্ত; | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা কমে আসায় সরকার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিয়েছেন। | কোভিড-১৯ এর কারনে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া অনেক ক্ষতি হয়েছে। কর্মরত শিক্ষক দিয়ে অতিরিক্ত ক্লাশ নেয়া ও সংশ্লিষ্ঠ সকলকে তদারকী করে শিখণ ঘাটতি দূর করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | উপজেলা শিক্ষা ভবনের দক্ষিণ পার্শ্বে বাথরুম করা সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলা শিক্ষা অফিসে ০৪টি বাথরুম আছে। অত্র অফিসের কর্মকর্ত ও কর্মচারীরা ব্যবহার করেন। অত্র উপজেলায় প্রায় ১৫০০ জন শিক্ষক নিয়োজিত আছে। উক্ত শিক্ষকগণ বিভিন্ন কাজে অফিসে আসেন। মাঝে মাঝে তাদের বাথরুম ব্যবহার করতে হয়। সে কারনে ০১টি বাথরুম করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে রাথরুমটি করার প্রস্তাব উপজেলা পরিষদে উত্থাপন করা যেতে পারে। |
| ০৪ | বিবিধ | সভাপতি জানান কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন পর বিদ্যালয়গুলি খুলেছে এখন শিশুদের শিখন ঘাটতি দূর করার জন্য প্রধান/সহকারী শিক্ষকগণকে আন্তরিকতার সাথে পাঠদান করা প্রয়োজন। | কমিটির সদস্যগণ,ইন্সট্রাক্টর,এইউইও,ইউইওসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে তদারকি করার জন্য অনুরোধ করা হয়। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু )
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনিরামপুর, যশোর।

স্মারক নং-উশিকা/মনি:/যশোর/২০১৯/৬০৬(৩)

তারিখ ঃ ২৮/০৩/২০২২ খ্রি:

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৯,যশোর-৫(মনিরামপুর)।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
০৪। জনাব..............................মনিরামপুর,যশোর।
০৪। অফিস কপি।

২৮/৩/22

(সেহেলী ফেরদৌস)
উপজেলা শিক্ষা অফিসার